



বিজ্ঞপ্তি

১। সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা এবং পাসপোর্ট অফিস, ঢাকা সেনানিবাস এর অধিক্ষেত্র পুনর্বিন্যাস করা হয়েছে। বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা এর থানাওয়ারী অধিক্ষেত্রসমূহঃ শেরেবাংলা নগর, মিরপুর, কাফরুল, রূপনগর, গুলশান, বনানী, শাহবাগ, ধানমন্ডি, কলাবাগান, রমনা, তেজগাঁও, তেজগাঁও শিল্পাঞ্চল ও ঢাকা ক্যান্টনমেন্ট (কেবলমাত্র অসামরিক ব্যক্তিবর্গ) (১৩টি)।

২। সশস্ত্র বাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত সদস্যগণ/প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা স্টেশনে কর্মরত অসামরিক ব্যক্তিবর্গের ক্ষেত্রে পাসপোর্ট অফিস, ঢাকা সেনানিবাস হতে পাসপোর্ট পরিষেবা গ্রহণের লক্ষ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করা বাঞ্ছনীয়:

ক। সামরিক সদস্যবৃন্দ (অফিসার, জেসিও ও অন্যান্য পদবী) ও তাদের পরিবারবর্গের জন্য (শুধুমাত্র স্বামী/স্ত্রী ও সন্তানদের জন্য):

- (১) ঢাকা সেনানিবাস/স্টেশনে কর্মরত সদস্যগণ এবং প্রেষণে নিয়োজিত ঢাকায় কর্মরত সদস্যগণ সরকারী আদেশ (জিও/এনওসি) এর ভিত্তিতে পাসপোর্ট আবেদন করতে পারবেন।
- (২) অন্যান্য সেনানিবাস/স্টেশনে কর্মরত সামরিক বাহিনীর সদস্য ও ঢাকার বাহিরে প্রেষণে নিয়োজিত কর্মরত সদস্যগণ ও পরিবারবর্গের জন্য সরকারী আদেশ (জিও) বাধ্যতামূলক। তাই অন্য স্টেশনের এনওসি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

খ। অবসরপ্রাপ্ত সামরিক সদস্যবৃন্দ (অফিসার, জেসিও ও অন্যান্য পদবী) এর ক্ষেত্রে (শুধুমাত্র স্বামী/স্ত্রী ও সন্তানদের জন্য):

- (১) বর্তমান ঠিকানা হিসেবে ঢাকা সেনানিবাসের অধিবাসী হতে হবে।
- (২) ঢাকা সকল ডিওএইচএস এবং জলসিঁড়িতে বসবাসকারীগণ।
- (৩) ঢাকা সেনানিবাস থানার অর্ন্তগত এলাকা সমূহে বসবাসকারী (মানিকদী / মাটিকাটা / খানপল্লী/ মাষ্টারটেক/মানিকদী নামাপাড়া/দামালকোট/ইসিবি চত্বর)
- (৪) অবসর গ্রহণের সাপেক্ষে প্রামানক হিসেবে প্রয়োজনীয় নথিপত্র প্রদান করতে হবে।

গ। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ঢাকা স্টেশনে কর্মরত অসামরিক ব্যক্তিবর্গ এর ক্ষেত্রে (শুধুমাত্র স্বামী/স্ত্রী ও সন্তানদের জন্য):

- (১) বর্তমান ঠিকানা হিসেবে ঢাকা মহানগরের আওতাধীন থানার অর্ন্তভুক্ত হতে হবে।
- (২) প্রযোজ্য ক্ষেত্রে সরকারী আদেশ (জিও/এনওসি বাধ্যতামূলক)।

আদেশক্রমে
কর্তৃপক্ষ